বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৩৫ জে, তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৫ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয় :** অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীর শূন্য পদ নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন জেলায় অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীর বেশ কিছু পদ শূন্য আছে মর্মে অত্র কোর্টের গোচরীভূত হয়েছে। অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীর পদ বিদ্যমান থাকা সত্ত্বেও শূন্যপদসমূহ নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ না করায় বিচার প্রশাসনের সুষ্ঠু কার্যক্রম বিঘ্নিত হচ্ছে, বিষয়টি অনাকাঙ্খিত।

বর্ণিতপ্রেক্ষাপটে, অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীর শূন্য পদ নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ সংক্রান্তে অত্র কোর্টের গত ২৯.০৩.২০১৫ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি নং-০৪ এ, ০৭.০৬.২০১৫ খ্রি. তারিখের সার্কুলার নং-০৮/২০১৫ এ, এবং ২০.০৩.২০১৬ খ্রি, তারিখের স্মারক নং-২০৫৯ (১৩)-এ, সহ জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ এবং জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসী ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ অনুযায়ী সহায়ক কর্মচারীর শূন্য পদ নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণ করার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সদয় নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, সারাদেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের সহায়ক কর্মচারীর শূন্য পদসমূহ যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক নিয়োগ/পদোন্নতির মাধ্যমে ৩ (তিন) মাসের মধ্যে পূরণ করে অত্র কোর্টকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত
(ড. আজিজ আহমদ ভূঞা)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-১১৪৩০ জে, তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৫ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,--------------------------------------------------- ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ---------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ----------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, -------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------ (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -----------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।

(২ থেকে ১৮ পর্যন্ত:) প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,---------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

২৫.১২.২০২৪

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫
ইমেইল:judicialdr1@gmail.com

CamScanner